গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, সোমবার ২৩ ফেব্রুয়ারি ২০১৫, ১১ ফাল্গুন ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দেশে ভয়াবহ নাশকতার পরিকল্পনা হচ্ছে : প্রধানমন্ত্রী
২। চিকিৎসা সেবা দেশের সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে বর্তমান সরকার বদ্ধপরিকর : স্বাস্থ্যমন্ত্রী
৩। উন্নত দেশের আদলে চলমান সন্ত্রাস দমন করা হবে : খাদ্যমন্ত্রী
৪। বাংলাদেশকে মধ্য আয়ের দেশ গড়ার লক্ষ্যে ১১ আর্থিক কৌশল নিচ্ছে সরকার
৫। ২০৩০ সালের মধ্যে দেশে ধোঁয়ামুক্ত রান্নাঘর তৈরির পরিকল্পনা গ্রহণ
৬। ডব্লিউটিওতে বাংলাদেশ স্বল্পোন্নত দেশসমূহের সমন্বয়কারী মনোনীত
৭। পদ্মায় লঞ্চডুবি, নিহত ৪৩
৮। হজ নিবন্ধনের সময় বাড়লো ২ মার্চ পর্যন্ত : কমল নিবন্ধন ফি
৯। গত দু'মাসে আর্থিক খাতে সন্দেহজনক লেনদেনের পরিমাণ বেড়েছে
১০। ২০০৯-১৪ সালে অর্থনৈতিক সূচক বেড়েছে ছয় গুণ

চলমান পাতা/২

১। দেশে ভয়াবহ নাশকতার পরিকল্পনা হচ্ছে : প্রধানমন্ত্রী

সাম্প্রতিক সহিংস ঘটনায় সংশ্লিষ্টরা দেশে ভয়াবহ ঘটনা ঘটানোর পরিকল্পনা করছে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গোয়েন্দা তথ্যের উদ্ধৃতি দিয়ে বলেছেন, এসব অপরাধীর বিচার দ্রুত ও দৃষ্টান্তমূলক হওয়া প্রয়োজন। একই সঙ্গে বোমা প্রস্তুতকারী ও সরবরাহকারী, আদেশ দাতা ও অর্থের যোগানদাতাদের বিচার কঠোর ও দৃষ্টান্তমুলক হওয়া প্রয়োজন-বলে মনে করেন প্রধানমন্ত্রী। গতকাল ২২ ফেব্রুয়ারি রোববার সচিবালয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের কার্যক্রম নিয়ে আলোচনাকালে মন্ত্রী ও কর্মকর্তাদের উদ্দেশে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.২,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.৩,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.২)।

২। চিকিৎসা সেবা দেশের সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে বর্তমান সরকার বদ্ধপরিকর : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, চিকিৎসা সেবা দেশের সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে বর্তমান সরকার বদ্ধপরিকর। এ লক্ষ্যে দেশের বিভিন্ন এলাকায় নতুন নুতন হাসপাতাল তৈরি করা হচ্ছে। ব্যাপক হারে চিকিৎসক ও নার্স নিয়োগ দেওয়া হচ্ছে। তিনি বলেন, সাধারণ মানুষ যাতে উপজেলা পর্যায়েও ভালো চিকিৎসা পায় সেজন্য সরকার থেকে পর্যাপ্ত এ্যাম্বুলেন্স দেওয়া হচ্ছে। গতকাল ২২ ফেব্রুয়ারি রোববার দেশের বিভিন্ন উপজেলায় ১৯টি এ্যাম্বুলেন্স প্রদান উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মোহাম্মদ নাসিম এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১)।

৩। উন্নত দেশের আদলে চলমান সন্ত্রাস দমন করা হবে : খাদ্যমন্ত্রী

রাজনীতির নামে চলমান সন্ত্রাস উন্নত দেশগুলোর মতো করে দমন করা হবে বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম। তিনি বলেন, বর্তমান সংকট রাজনৈতিক সংকট নয়-এটা সন্ত্রাস। মার্কিন যুক্তরাষ্ট্রসহ উন্নত দেশগুলো যেভাবে সন্ত্রাস দমন করে, সরকারও একইভাবে সন্ত্রাসীদের দমন করবে। গতকাল ২২ ফেব্রুয়ারি রোববার জাতীয় প্রেস ক্লাবের সামনে বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট আয়োজিত এক মানববন্ধনে খাদ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.১)।

৪। বাংলাদেশকে মধ্য আয়ের দেশ গড়ার লক্ষ্যে ১১ আর্থিক কৌশল নিচ্ছে সরকার

বাংলাদেশকে মধ্য আয়ের দেশে নিয়ে যেতে আগামী পাঁচ বছরে ১১টি আর্থিক কৌশল নেওয়া হচ্ছে। ২০১৬ সাল থেকে ২০২০ সালের মধ্যে বাস্তবায়ন হতে যাওয়া সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় এ সব বিষয় স্থান পাচ্ছে। এর মধ্য দিয়েই কাঙ্ক্ষিত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন সম্ভব হবে বলেই মনে করা হচ্ছে। ইতোমধ্যেই অর্থনীতিবিদ প্যানেলের সভায় বিষয়গুলো চূড়ান্ত করা হয়েছে। চলমান ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার অগ্রাধিকারগুলো পর্যালোচনা করে নতুন এসব অগ্রাধিকার নির্ধারণ করা হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.২)।

৫। ২০৩০ সালের মধ্যে দেশে ধোঁয়ামুক্ত রান্নাঘর তৈরির পরিকল্পনা গ্রহণ

বাংলাদেশের প্রায় ৮৯ শতাংশ মানুষ এখনও কাঠের চুলায় রান্না করেন। সনাতনী এই চুলার ধোয়ায় অনেক নারী নানা রোগে আক্রান্ত হচ্ছেন। এ সমস্যা সমাধানে ২০৩০ সালের মধ্যে সারাদেশে ধোয়ামুক্ত রান্নাঘর করার উদ্যোগ নেওয়া হয়েছে। এ প্রকল্পের জন্য ১০ কোটি ডলার খরচ করা হবে। গতকাল ২২ ফেব্রুয়ারি রোববার ধোয়াবিহীন রান্নাব্যবস্থা বিষয়ে এক সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.২), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.২)।

৬। ডব্লিউটিওতে বাংলাদেশ স্বল্পোন্নত দেশসমূহের সমন্বয়কারী মনোনীত

বিশ্ববাণিজ্য সংস্থায় (ডব্লিউটিও) স্বল্পোন্নত দেশসমূহ (এলডিসি) বাংলাদেশকে ২০১৫ সালের জন্য সমন্বয়কারী মনোনীত করেছে। ১৯৯৫ সালে এলডিসি প্রতিষ্ঠার পর বাংলাদেশ কয়েকবার এ সমন্বয়কারীর দায়িত্ব দক্ষতার সাথে পালন করেছে। সূত্র-ইত্তেফাক (পৃ.৪,ক.১), প্রথম আলো (পৃ.১২,ক.৩), যুগান্তর (পৃ.১৫,ক.১), ডেইলি সান (পৃ.৩,ক.১), ফিনানসিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.১)।

৭। পদ্মায় লঞ্চডুবি, নিহত ৪৩

পদ্মায় পাটুরিয়া-দৌলতদিয়া নৌরুটে দুই শতাধিক যাত্রী নিয়ে ডুবে গেছে এমভি মোস্তফা নামের একটি লঞ্চ। গতকাল ২২ ফেব্রুয়ারি রোববার দুপুরে সারবাহী একটি কার্গোর ধাক্কায় এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় রাত নয়টা পর্যন্ত নারী ও শিশুসহ ৪৩ জনের লাশ উদ্ধার করা হয়েছে। নিখোঁজ রয়েছে অন্তত ৪০ জন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৩)। প্রথম আলো, জনকণ্ঠ, সমকাল, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সানসহ অধিকাংশ দৈনিক এবিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। হজ নিবন্ধনের সময় বাড়লো ২ মার্চ পর্যন্ত : কমল নিবন্ধন ফি

হজ নিবন্ধনের সময়সীমা ২৬ ফেব্রুয়ারি থেকে ৩ দিন বাড়িয়ে ১ মার্চ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। পাশাপাশি নিবন্ধন ফি ৪৮ হাজার ৩৩১ টাকা থেকে কমিয়ে ২৮ হাজার ৭৪ টাকা নির্ধারণ করা হয়েছে। ধর্ম মন্ত্রণালয় থেকে গত ১৯ ফেব্রুয়ারি বৃহস্পতিবার এ সংক্রান্ত আদেশ জারি করা হয়। তবে নিবন্ধনের পর বাকি টাকা ১০ জুনের মধ্যে

পরিশোধ করতে হবে। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১)।

৯। গত দু'মাসে আর্থিক খাতে সন্দেহজনক লেনদেনের পরিমাণ বেড়েছে

অন্য যে কোনো সময়ের তুলনায় গত দুই মাসে আর্থিক খাতে সন্দেহজনক লেনদেনের পরিমাণ বেড়েছে। সহিংসতায় অর্থ যোগান বন্ধে বাংলাদেশ ব্যাংকের কড়াকড়ি আরোপ করার পর এই প্রবণতা বৃদ্ধি পায়। এতে গত দু'মাসে তিন শতাধিক সন্দেহজনক লেনদেনের রিপোর্ট করা হয়েছে। এর মধ্যে ব্যাংকিং খাতের মাধ্যমেই সবচেয়ে বেশি সন্দেহজনক লেনদেন ধরা পড়েছে। সন্দেহজনক এসব লেনদেনে মানিলন্ডারিং বা সন্ত্রাসে অর্থায়ন হয়েছে কি-না তা খতিয়ে দেখছে বাংলাদেশ ব্যাংক। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), যুগান্তর (পৃ.১,ক.১), সমকাল (শেষ পৃ.,ক.১)।

১০। ২০০৯-১৪ সালে অর্থনৈতিক সূচক বেড়েছে ছয় গুণ

বর্তমান সরকারের সময়ে আর্থসামাজিক খাতের উন্নয়নের ধারা অব্যাহত থাকার পাশাপাশি দেশের অর্থনৈতিক সূচকগুলো দ্বিগুণ থেকে ছয় গুণ পর্যন্ত বেড়েছে। এছাড়া জিডিপি প্রবৃদ্ধি, খাদ্যশস্য উৎপাদন, আমদানি-রপ্তানিসহ সব অর্থনৈতিক সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। অর্থনৈতিক সুফল দেশের সব জনগণের মধ্যে সুষম বণ্টন হওয়ায় দরিদ্র জনগণের সংখ্যা দ্রুত কমেছে। ফলে বৈষম্য কমেছে যা বর্তমান বিশ্বে একটি ব্যতিক্রম ঘটনা। রেমিট্যান্স আয় বৃদ্ধিতে মোবাইল ব্যাংকিং ব্যাপক বিপ্লব সাধন করেছে। মানবসম্পদ উন্নয়নে বাংলাদেশ বিগত পাঁচ বছরে অনেক দূর এগিয়েছে। পাশাপাশি মুল্যস্ফীতিও উল্লেখযোগ্য হারে কমেছে। অর্থ মন্ত্রণালয়ে প্রকাশিত বাংলাদেশের আর্থসামাজিক অগ্রযাত্রা এবং সামষ্টিক অর্থনীতির সাম্প্রতিক অবস্থান শীর্ষক প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। সূত্র-সংবাদ (শেষ পৃ.১, ক.১)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো, সংবাদ, ভোরের কাগজ, ইনকিলাব, যায়যায়দিন, নিউজ টুডে, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান : তিস্তা চুক্তির বিষয়ে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছ থেকে স্পষ্ট বক্তব্যের প্রত্যাশা;

খ. ইত্তেফাক : দেশে ১৭টি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার ঘোষণাকে স্বাগত জানিয়ে সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের আহ্বান;

গ. জনকণ্ঠ, ইনকিলাব, নিউজ টুডে, ডেইলি সান : ভারতে সোয়াইন ফ্লু ছড়িয়ে পড়ায় বাংলাদেশে এখনই সাবধানতা অবলম্বনের জন্য জনসচেতনতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ;

ঘ. সংবাদ : ককটেল বিস্ফোরণের ঝুঁকিতে থাকা পথ শিশুদের সুরক্ষায় দ্রুত ব্যবস্থা নেওয়ায় সুপারিশ;

ঙ. যুগান্তর : পাসপোর্ট অধিদফতরের অনিয়ম-দুর্নীতি নির্মূলে সরকারকে কঠোর পদক্ষেপ গ্রহণের আহ্বান;

চ. সমকাল : সংযুক্ত আরব আমিরাতে অগ্নিকাণ্ডে বাংলাদেশি শ্রমিক নিহতের প্রেক্ষিতে প্রবাসে কর্মপরিবেশ নিশ্চিত করা ও জীবন-জীবিকার নিরাপত্তা বিধানে সরকারকে যুগোপযোগী কর্মপরিকল্পনা গ্রহণ করার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : দরিদ্র অসহায় বয়স্ক লোকদের আর্থিক নিরাপত্তায় বয়স্ক ভাতা আরও বাড়ানোর সুপারিশ;

জ. নিউ এজ : কর্মক্ষেত্রের সর্বত্র বাংলা ভাষার ব্যবহার অব্যাহত রেখে একুশের মর্যাদা সমুন্নত রাখার আহ্বান;

ঝ. ফিনানসিয়াল এক্সপ্রেস : পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) এর উদ্যোগকে আরও কার্যকর রাখার ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে দেশকে গণতন্ত্রের ধারায় ধরে রাখতে হলে আওয়ামী লীগ ও বিএনপিকে পরস্পরের প্রতি 'হার্ডলাইনের' বদলে 'গণতান্ত্রিক নমনীয়তার' পথ অনুসরণ করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত 'সবশেষে মানুষই জয়ী হয়' শিরোনামের নিবন্ধে মমতাজ লতিফ মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে প্রাপ্ত বাংলাদেশকে রক্ষা করতে ও সন্ত্রাস বন্ধ করতে '৭১ এর মতো সরকারের পাশে দাঁড়ানোর প্রয়োজনীয়তা তুলে ধরেছেন।

#

ফারহানা/মরজিনা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা